

১	১
২	২
৩	৩
৪	৪
৫	৫
৬	৬
৭	৭
৮	৮
৯	৯
১০	১০
১১	১১
১২	১২
১৩	১৩
১৪	১৪
১৫	১৫
১৬	১৬
১৭	১৭
১৮	১৮
১৯	১৯
২০	২০
২১	২১
২২	২২
২৩	২৩
২৪	২৪
২৫	২৫
২৬	২৬
২৭	২৭
২৮	২৮
২৯	২৯
৩০	৩০

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ডাক, টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তি মন্ত্রণালয়
তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ
বাজেট শাখা
www.ictd.gov.bd

১১/৩/২০১৮
D (Admin)

তারিখঃ ৩০ বৈশাখ ১৪২৫
১৩ মে ২০১৮

বিষয়ঃ সরকারের সর্বস্তরে স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিতকরণের লক্ষ্যে অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ (Internal Control) ও অভ্যন্তরীণ নিরীক্ষা (Internal Audit) ব্যবস্থা প্রতিষ্ঠা ও সুদৃঢ়করণ।

সূত্রঃ বাংলাদেশের কম্পিউটার এন্ড অডিটর জেনারেল এর কার্যালয়ের পত্র নং-সিএজি/রিপোর্ট-২/১৫৮(চম)/পার্ট-৩/৮৪৫, তারিখঃ ২৬.০৪.২০১৮খ্রি।

উপর্যুক্ত বিষয়ে সূত্রস্থ পত্রের ছায়ালিপি এ সাথে প্রেরণ করা হলো। পত্রের আলোকে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তিঃ ০১ (এক) ফর্দ।

প্রদানের শাখা
তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ
তারিখঃ ১০.৪.২০১৮
সংখ্যাঃ ১০৪০


১৩/৩/২০১৮
(মোহাঃ আলমগীর হোসেন)
উপ-সচিব
ফোনঃ ৫৫০০৬৮৭৫ (অফিস)

বিতরণ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):-

১. নির্বাহী পরিচালক, বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল, আইসিটি টাওয়ার, আগারগাঁও, ঢাকা।
২. ব্যবস্থাপনা পরিচালক, বাংলাদেশ হাইটেক পার্ক কর্তৃপক্ষ, আইসিটি টাওয়ার, আগারগাঁও, ঢাকা।
৩. মহাপরিচালক, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, আইসিটি টাওয়ার, আগারগাঁও, ঢাকা।
৪. নিয়ন্ত্রক, কন্ট্রোলার অব সার্টিফাইং অথরিটিজ, আইসিটি টাওয়ার, আগারগাঁও, ঢাকা।
৫. প্রকল্প পরিচালক, লার্নিং এন্ড আর্নিং ডেভেলপমেন্ট প্রকল্প, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ, ঢাকা।
৬. প্রকল্প পরিচাল, মোবাইল গেম ও অ্যাপ্লিকেশন এর দক্ষতা উন্নয়ন প্রকল্প, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ।
৭. উপ-প্রধান (পরিকল্পনা), তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ, আইসিটি টাওয়ার, আগারগাঁও, ঢাকা।

অনুলিপিঃ-

১. অতিরিক্ত সচিব (সকল), তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ, আইসিটি টাওয়ার, আগারগাঁও, ঢাকা।
২. সচিবের একান্ত সচিব, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ, আইসিটি টাওয়ার, আগারগাঁও, ঢাকা।



বাংলাদেশের
কম্পট্রোলার এন্ড অডিটর জেনারেল এর কার্যালয়
'অডিট ভবন'
৭৭/৭, কাকরাইল, ঢাকা-১০০০
বাংলাদেশ

নং-সিএজি/রিপোর্ট-২/১৫৮(৮ম)/পার্ট-৩/৮৪৫

তারিখ: ২৬-০৪-২০১৬ খ্রিঃ

বিষয়: সরকারের সর্বস্তরে স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিতকরণের লক্ষ্যে অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ (Internal Control) ও অভ্যন্তরীণ নিরীক্ষা (Internal Audit) ব্যবস্থা প্রতিষ্ঠা ও সুদৃঢ়করণ।

সরকারি প্রতিষ্ঠানসহ সকল সংগঠনের আর্থিক, হিসাব সংরক্ষণ ও পরিচালনাগত (Operational) কার্যক্রম পরিচালনা ও নিয়ন্ত্রণের জন্য প্রয়োজনীয় ব্যবস্থা থাকা একান্ত অপরিহার্য। গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের ৮১ হতে ৯২ অনুচ্ছেদ পর্যন্ত বিবৃত আইনগত ও আর্থিক পদ্ধতিসমূহ সরকারি প্রতিষ্ঠানসমূহের জন্য অবশ্য পালনীয়। এ সকল পদ্ধতিসমূহ কার্যকর করার লক্ষ্যে অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ ব্যবস্থার প্রয়োজনীয়তা অপরিসীম। সাংগঠনিক লক্ষ্যের পাশাপাশি সরকার কর্তৃক গৃহীত নীতির অন্তর্নিহিত লক্ষ্য অর্জনের ক্ষেত্রেও অভ্যন্তরীণ নিয়ন্ত্রণের আবশ্যিকতা রয়েছে। কার্যকর অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ ব্যবস্থা উত্তম আর্থিক ব্যবস্থাপনার এক গুরুত্বপূর্ণ উপাদান এবং এ কারণে তা ফলাফল অর্জন, জবাবদিহিতা (Accountability), স্বচ্ছতা (Transparency) ও সম্পদের সর্বোত্তম ব্যবহার নিশ্চিত করার ক্ষেত্রে অপরিহার্য।

অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ ব্যবস্থা যথাযথভাবে কার্যকর কিনা তা পরীক্ষা করার উত্তম পদ্ধতি হলো কার্যকর অভ্যন্তরীণ নিরীক্ষা ব্যবস্থা প্রবর্তন করা। অভ্যন্তরীণ নিরীক্ষা হলো একটি প্রতিষ্ঠানের কার্যক্রমের স্বাধীন ও বস্তুনিষ্ঠ মূল্যায়ন। কার্যকর ও প্রতিষ্ঠিত অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ ব্যবস্থা সরকারি প্রতিষ্ঠানসমূহে যে সকল ভূমিকা পালন করে তার অন্যতম হলো প্রতিষ্ঠানের উদ্দেশ্য অর্জন নিশ্চিত করা, দক্ষ ও কার্যকর সেবা প্রদান, ক্ষতি হতে সম্পদের সুরক্ষা প্রভৃতি। অভ্যন্তরীণ নিরীক্ষার মাধ্যমে এ নিয়ন্ত্রণ ব্যবস্থা নিশ্চিত করা হয়। অভ্যন্তরীণ নিরীক্ষা ও সিএন্ডএজি কর্তৃক পরিচালিত সাংবিধানিক নিরীক্ষার মধ্যে পার্থক্য রয়েছে। অভ্যন্তরীণ নিরীক্ষা নিজস্ব প্রতিষ্ঠানে নির্দিষ্ট কিছু সেবা প্রদানের মধ্যে সীমাবদ্ধ থাকলেও সাংবিধানিক নিরীক্ষার ক্ষেত্রে ব্যাপক এবং এর মাধ্যমে মহান সংসদে প্রতিবেদন পেশ করা হয়। তবে অভ্যন্তরীণ নিরীক্ষা ও সাংবিধানিক নিরীক্ষার মধ্যে পারস্পরিক নির্ভরশীলতা রয়েছে। স্ব স্ব মন্ত্রণালয় কর্তৃক পরিচালিত কার্যকর অভ্যন্তরীণ নিরীক্ষার ফলাফলের উপর সাংবিধানিক নিরীক্ষা আস্থা স্থাপন করতে পারে এবং তার ফলে নিজেদের নিরীক্ষা পরিকল্পনাকে আরও দক্ষতার সাথে প্রণয়ন করতে পারে।

বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগের উপর সিএজি'র অডিট রিপোর্টে মন্ত্রণালয়ের সামগ্রিক আর্থিক কর্মকান্ড তথা আর্থিক ব্যবস্থাপনা ও অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ ব্যবস্থার দুর্বলতার উপর আলোকপাত করাসহ বিভিন্ন অনিয়ম চিহ্নিত করা হয় এবং এগুলো দূরীকরণের জন্য কার্যকর সুপারিশ প্রদান করা হয়। সরকারি প্রতিষ্ঠানের কার্যকর অভ্যন্তরীণ নিরীক্ষা ব্যবস্থা সাংবিধানিক নিরীক্ষার এ কাজকে অধিকতর ফলপ্রসূ ও কার্যকর করে তোলে। এ বিবেচনায় সকল সরকারি প্রতিষ্ঠানে কার্যকর ও সুদৃঢ় অভ্যন্তরীণ নিরীক্ষা ব্যবস্থা প্রতিষ্ঠা ও ফলপ্রসূ করা একান্ত আবশ্যিক।

উল্লেখ্য, বিগত ২৭-০৩-২০১৬ খ্রিঃ তারিখে মাননীয় প্রধানমন্ত্রীর নিকট বাংলাদেশের কম্পট্রোলার এন্ড অডিটর জেনারেলের অডিট রিপোর্ট পেশকালে মাননীয় প্রধানমন্ত্রী সকল সরকারি প্রতিষ্ঠানে কার্যকর অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ ও অভ্যন্তরীণ নিরীক্ষা কার্যক্রম জোরদারের জন্য দিক-নির্দেশনা প্রদান করেছেন। এছাড়াও অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়ের অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ ম্যানুয়েলে সকল সরকারি প্রতিষ্ঠানে কার্যকর অভ্যন্তরীণ নিরীক্ষা কার্যক্রমসহ অডিট কমিটি গঠনের নির্দেশনা রয়েছে। এ নির্দেশনা বাস্তবায়িত হলে সরকারি প্রতিষ্ঠানসমূহের কার্যক্রম অধিকতর জবাবদিহিমূলক হবে এবং সাংবিধানিক নিরীক্ষার দৃষ্টি রষ্ট্রীয় জনগুরুত্ব সম্পন্ন সামগ্রিক বিষয়ের প্রতি নিবদ্ধ করা সম্ভবপর হবে। তাই উপরোক্ত যৌক্তিকতার আলোকে মন্ত্রণালয়ের মূখ্য হিসাব রক্ষণ কর্মকর্তা কর্তৃক অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ ও অভ্যন্তরীণ নিরীক্ষা ব্যবস্থা কার্যকরভাবে প্রতিষ্ঠা ও সুদৃঢ় করা একান্তভাবে কাম্য। এ ব্যাপারে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের এবং তা মনিটরিং ব্যবস্থা চালু করার জন্য অনুরোধ করছি।

(মাসুদ আহমেদ)

বাংলাদেশের কম্পট্রোলার এন্ড অডিটর জেনারেল
ফোন: ৯৩৪০৭৬৭

কার্যার্থে বিতরণ:

১. সিনিয়র সচিব/সচিব

২. মহাপরিচালক

অডিট অধিদপ্তর।